প্রথম আলো

তারিখ ২৯ MAR 2015
পৃষ্ঠা ৫ কলাম ৩

# উচ্চশিক্ষার্থে যেখানেই যাও দেশে ফেরত এসো

নিজস্ব প্রতিবেদক ●

বিশিষ্টজনেরা শিক্ষার্থীদের পুরস্কার দেওয়ার সময় বলেছেন, দেশ অনেক এগিয়েছে। সামনে অপার সম্ভাবনা। মেধাবী শিক্ষার্থীরা জ্ঞান ও দক্ষতা অর্জনের জন্য যেকোনো দেশেই যেতে পারে. তবে তাদের দেশে ফিরে আসা উচিত। তাহলে দেশ আরও এগিয়ে যাবে।

রাজধানীর শহীদ সোহরাওয়ার্দী জাতীয় ইনডোর স্টেডিয়ামে গতকাল শনিবার ইংরেজি মাধ্যমের শিক্ষার্থীদের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিশিষ্টজনেরা এ কথা বলেন। ২০১৩-১৪ শিক্ষাবর্ষের 'ও' এবং 'এ' লেভেল পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফল করা শিক্ষার্থীদের জন্য এ অনুষ্ঠানের আয়োজন করে ইংরেজি দৈনিক *দ্য ডেইলি স্টার*। এ নিয়ে ১৬তম বারের মতো ইংরেজি মাধ্যমের কৃতী শিক্ষার্থীদের পুরস্কৃত করল *ডেইলি স্টার*।

অনুষ্ঠানে প্রধান অতিথি শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, 'বর্তমানে শিক্ষা ক্ষেত্রে মেয়েরা ছেলেদের থেকেও এগিয়ে যাচ্ছে। বাংলাদেশ অর্থনৈতিকভাবে পিছিয়ে থাকতে পারে কিন্তু আমাদের নতুন প্রজন্ম মেধার দিক থেকে দরিদ্র নয়। নতুন প্রজন্মকে নৈতিক মূল্যবোধ, সততা, নিষ্ঠা ও দেশপ্রেমের শিক্ষায় গড়ে উঠতে হবে।'

এবারের আয়োজনে *ডেইলি স্টার* ১ হাজার ৭৫৯ জন শিক্ষার্থীকে শ্রেষ্ঠত্বের প্রশংসাপত্র ও মেডেল দিয়েছে। অনুষ্ঠানের শুরুতে প্রামাণ্যচিত্র দেখানো হয়।

*ডেইলি স্টার*-এর প্রকাশক ও সম্পাদক মাহ্ফুজ আনাম বলেন, শিক্ষার্থীদের মধ্যে সহনশীলতা, অংশগ্রহণ, কৌতূহলের মতো কিছু গুণাবলি গড়ে তোলার দায়িত্ব পরিবারের। তথ্যপ্রযুক্তির যুগে দেশের উন্নয়নে অবদান রাখতে দেশেই থাকতে হবে তা নয়। বিশ্বের যেকোনো স্থানে থেকে দেশের সেবা করা যায়। অনুষ্ঠানে সাংস্কৃতিক পরিবেশনায় অংশ নেয় অক্সফোর্ড ইন্টারন্যাশনাল স্কুল, বিএএফ শাহিন ইংলিশ মিডিয়াম স্কুল, বাংলাদেশ ইন্টারন্যাশনাল টিউটোরিয়ালস ও স্কলাসটিকা।

অনুষ্ঠানের প্রায় শেষ সময়ে মঞ্চে এলেন সাকিব। শিক্ষার্থীদের দেশের প্রতি দায়িত্ববান হওয়ার পরামর্শ দিলেন জাতীয় দলের এই সদস্য।

অনুষ্ঠানে ঢাকায় নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার রবার্ট উইনিংটন গিবসন, ব্র্যাক ব্যাংকের প্রধান নির্বাহী কর্মকর্তা সৈয়দ মাহবুবুর রহমান, মালয়েশিয়ার মনাশ ইউনিভার্সিটির স্কুল অব সায়েন্সের সাদেকুর রহমান, এডেক্সেল এশিয়ার আঞ্চলিক পরিচালক সায়মন ইয়াং, ইনডিপেন্ডেন্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এম ওমর রহমান, মাইক্রোসফট মোবাইল ডিভাইসের এমার্জিং এশিয়ার মহাব্যবস্থাপক সন্দীপ গুপ্তা বক্তব্য দেন।